



সিরাজুস সালেকিন

স্বপ্না ভাষা ও সাংস্কৃতিক বিদ্যালয় মেলবোর্ন/আয়োজিত

সেমর স্বপ্নে উদযাপন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯



সিরাজুস সালেকিন। বাবা স্বনামখ্যাত প্রয়াত আব্দুল লতিফ, বাংলা গানে যাঁর অবদান অপরিসীম। সিরাজুল সালেকিন গান শিখেছেন শ্রী সুধীন দাস, জনাব আব্দুল আহাদ ও শ্রী অজিত রায়ের কাছে। ১৯৭১ এ স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গান শুনে গান ভালো করে গান শিখবার প্রেরণা জাগে। ১৫ বয়সে সিরাজুল সালেকিন নজরুল একাডেমিতে গান শেখা শুরু করেন। ছায়ানট থেকে রবীন্দ্র সংগীত বিভাগে গান শিখে পরবর্তীতে ওইখানেই শিক্ষকতা করেন ১০ বছর। মূলত: ছায়ানটের সাংস্কৃতিক পরিবেশই সালেকিনকে বাংলা সংগীত ও সাংস্কৃতির প্রতি উক্ত দায়বোধে আবদ্ধ করলো। সেই থেকে গান নিয়েই চলেছেন, ভেবেছেন, শিখেছেন আর এর প্রচারে নিজেকে নিয়োজিত রেখেছেন। তিনি ১৯৯৬ সালে ভারত সরকারের আমন্ত্রণে কবিগুরু ১২৫ তম জন্মদিনে বাংলাদেশের শিল্পী দলে সংগীত পরিবেশন করেন। এছাড়াও কবিগুরুর চিত্রাঙ্গদা নৃত্যনাট্যে অংশগ্রহণ করেন কোলকাতায় ১৯৮৮ সালে ১৯৮৯ সালে দিল্লিতে বাংলা সংস্কৃতি উৎসবে যোগদান করেন। ১৯৯৫ থেকে সিডনিতে স্থায়ী ভাবে বসবাস করছেন ও ১৯৯৬ থেকে প্রতীতি নামে শুদ্ধ বাংলা গান চর্চার একটি সাংস্কৃতিক সংগঠন সফলভাবে চালাচ্ছেন।

তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০১৯ শনিবার

স্থান: Chandler Community Centre
28 Isaac Rd, Keysborough VIC 3173

সময়: দুপুর ১২ টা - বিকেল ৭ টা

৫.০০ - ৭.০০ - অতিথি শিল্পীর পরিবেশনা।

স্বপ্না ভাষা ও সাংস্কৃতিক বিদ্যালয় মেলবোর্ন/আয়োজিত

সেমর স্বপ্নে উদযাপন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯



তানিম হয়াত খান

তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০১৯ শনিবার

স্থান: Chandler Community Centre
28 Isaac Rd, Keysborough VIC 3173

সময়: দুপুর ১২ টা - বিকেল ৭ টা

৫.০০ - ৭.০০ - অতিথি শিল্পীর পরিবেশনা।

তানিম হয়াত খান রাজিত। একজন সরোদ শিল্পী, কম্পোজার এবং গায়ক। তানিম বিশ্ব বরেণ্য সংগীত ঘরানা সেনিয়া মাইহার ঘরানার একজন সদস্য। তানিম ব্রাহ্মণবাড়িয়ার বিশ্ব বিখ্যাত সন্তান সেনিয়া মাইহার ঘরানার প্রতিষ্ঠাতা উস্তাদ বাবা আলাউদ্দিন খাঁ সাহেবের ছোট ভাই উপমহাদেশখ্যাত সুরবাহার শিল্পী উস্তাদ আয়েত আলী খাঁ সাহেবের পৌত্র। এছাড়াও তানিমের আরেক দাদু ফকির আফতাবউদ্দিন খাঁও ছিলেন ১৮৭০ এর দিকে খুব নামকরা আর প্রতিষ্ঠিত সংগীত শিল্পী। তানিম সংগীত বিশেষজ্ঞ বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাবেক মহাপরিচালক মোবারক হোসেন খান আর ৬০ এর দশকের জনপ্রিয় সংগীত শিল্পী ফণ্ডিয়া ইয়াসমিনের কনিষ্ঠ সন্তান। ১৯৯৮ সালে তানিম সরোদ হাতে তুলে নেন। তানিমের সরোদ গুরু চাচাতো ভাই উপমহাদেশখ্যাত সরোদিয়া উস্তাদ শাহাদাত হোসেন খান। ২০১৮ সালের গোল্ডকোস্ট কমনওয়েলথ গেমস এর Ecstatic Concert- এ তানিম সরোদ বাজিয়ে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করেন।